



মাদ্রাসা পরিদর্শন দফতর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৮/ ২২৬২

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ  
০৬ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

মুন্ডুমালা কামিল মাদ্রাসা, ডাকঘরঃ মুন্ডুমালা হাট, উপজেলাঃ তানোর, জেলাঃ রাজশাহী-এর কামিল (স্নাতকোত্তর) হাদীস, তাফসীর এবং আদব বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৯.০৮.২০২২ খ্রিঃ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগ নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২৩ খ্রিঃ থেকে ২৬.০৪.২০২৭ খ্রিঃ তারিখ পর্যন্ত এবং তাফসীর ও আদব বিভাগ ০৫.০৯.২০২২ খ্রিঃ থেকে ০৪.০৯.২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

**শর্তসমূহ :**

১. কামিলসহ সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করে শ্রেণিকক্ষে উপস্থিতি নিশ্চিত করতে শিক্ষকদের আরো সচেতন হতে হবে।
২. শিক্ষার মানোন্নয়নে এলাকার শিক্ষানুরাগী ব্যক্তিদের নিয়ে অভিভাবক সমাবেশ করতে হবে।
৩. অবকাঠামো উন্নয়নের দ্রুত পদক্ষেপ গ্রহণ করে শ্রেণিকক্ষগুলোর মনোরম পরিবেশ নিশ্চিত করতঃ সংশ্লিষ্ট সকল স্থানে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
৪. শ্রেণিকক্ষে মূল বইয়ের ব্যবহার নিশ্চিত করতঃ গাইড বই নিষিদ্ধ করতে হবে।
৫. আইসিটি বিষয়ে শিক্ষক, কর্মচারী এবং শিক্ষার্থীদের সম্যক জ্ঞান অর্জনের লক্ষ্যে ইন হাউস প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।
৬. সকল ধরনের লেনদেন ব্যাংকের মাধ্যমে করে অর্থ কমিটির অনুমোদন নিয়ে মূল হিসাব বইতে লিপিবদ্ধ করতঃ ভাউচারগুলি ক্রমানুসারে সংরক্ষণ করতে হবে।
৭. “হৃদয়ে বঙ্গবন্ধু” কন্যারকে আরো সমৃদ্ধ করে আন্তরিকতার সাথে এর ব্যবহার নিশ্চিত করতে হবে।
৮. সরকারী নির্দেশনা মোতাবেক শিক্ষক, কর্মচারীদের প্রতিষ্ঠানে অবস্থান ও শিক্ষা কার্যক্রম পরিচালনা করতঃ মাদ্রাসা সংশ্লিষ্ট ওয়েবসাইটগুলো নিয়মিত ভিজিট করতে হবে।
৯. লাইব্রেরিতে বইয়ের সংখ্যা বৃদ্ধি, নতুন রেজিস্ট্রারে ক্রমানুসারে সকল বইয়ের নাম লিপিবদ্ধকরণ, ডেসপাস রেজিস্ট্রার খোলা এবং বই পড়তে শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
১০. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

*(Signature)* 06.03.2023

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

মুন্ডুমালা কামিল মাদ্রাসা

ডাকঘরঃ মুন্ডুমালা হাট, উপজেলাঃ তানোর, জেলাঃ রাজশাহী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৮/ ২২৬২

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ  
০৬ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। পি.এস টু প্রো-ভিসি (অতি.দা.), প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, মুন্ডুমালা কামিল মাদ্রাসা, ডাকঘরঃ মুন্ডুমালা হাট, উপজেলাঃ তানোর, জেলাঃ রাজশাহী।
- ৮। অফিস নথি।

*(Signature)*  
06.03.2023

(মুহাম্মদ লুৎফুর রহমান)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৯৭০-৮৭৭৮৭৮